বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
প্রশাসন বিভাগ, শৃঙ্খলা শাখা
www.caab.gov.bd

নথি নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)- ৯২৫৫ তারিখ: ২৮/০২/২০২২ খ্রিঃ।

**অফিস আদেশ**

যেহেতু, জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) প্রকৌশল বিভাগে ডিজাইন হিসেবে কর্মরত অবস্থায় পরিবারবর্গ ও আত্মীয়-স্বজনের সাথে সাক্ষাতের নিমিত্ত যুক্তরাষ্ট্র গমনের জন্য ২১ (একুশ) দিনের বহিঃবাংলাদেশ (অর্জিত) ছুটির আবেদনের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের স্মারক নং-৩২৯ তারিখ-২৭/১২/২০২০ মূলে প্রার্থীত ছুটির অনুমোদনপ্রাপ্ত হয়ে উক্ত তারিখেই যুক্তরাষ্ট্র গমন করেন, কিন্তু অনুমোদিত ছুটি ভোগ শেষে দেশে প্রত্যাবর্তন না করে ১৭/০১/২০২১ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

২.০ যেহেতু, ইতঃপূর্বে তিনি অনুমোদিত মেয়াদের অতিরিক্ত সময় যুক্তরাষ্ট্রে অবস্থান করায় তাকে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলেও একইভাবে তিনি পুনরায় বিদেশে অবস্থান করে অনির্দিষ্টকালের একটি ছুটির আবেদন ই-মেইলে কর্তৃপক্ষ বরাবর অগ্রায়ন করেন;

৩.০ যেহেতু, অনুমতিসহ দেশ ত্যাগ করে বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের পর ৬০ (ষাট) দিনের অধিক সময় যাবৎ বিদেশে অবস্থান করায় ও এতে কর্তৃপক্ষের কাজে বিঘ্ন ঘটায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫৫(১) প্রবিধি মোতাবেক অনুপস্থিতির তারিখ ১৭/০১/২০২১ হতে তাকে 'সাময়িকভাবে বরখাস্ত' করা হয়, একইসাথে উক্ত প্রবিধানমালার ৪৯(খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করে তার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২০১.৫৩.০০৭.১৭(অংশ-১)-৮৬৯১ তারিখ: ১৩/০৪/২০২১ মূলে বিভাগীয় মামলা নং-১৪/২০২১ রুজু করা হয়;

৪.০ যেহেতু, বর্ণিত অভিযোগ হেতু কেন তাকে উক্ত প্রবিধানমালার ৫০(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না মর্মে অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ তিনি স্ব-শরীরে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলে তিনি যুক্তরাষ্ট্র হতে ২৫/০৫/২০২১ তারিখে স্বাক্ষরিত একটি জবাব ই-মেইলে প্রেরণ করলেও স্ব-শরীরে উপস্থিত হয়ে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ না করায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

৫.০ যেহেতু, তদন্তকারী কর্মকর্তা গত ১৯/০৮/২০২১ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

৬.০ যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে প্রমাণিত 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরু দণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণক্রমে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয় এবং ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের নির্দেশ দেওয়া হয়;

৭.০ যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা যুক্তরাষ্ট্র হতে ৩০/০৯/২০২১ তারিখে স্বাক্ষরিত একটি জবাব ই-মেইলে প্রেরণ করেন এবং জবাবে মানবিক দিক বিবেচনা করে চিকিৎসা শেষে শারীরিক যোগ্যতা অর্জন সাপেক্ষে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানসহ অনুপস্থিতকালকে বিনাবেতনে ছুটি মঞ্জুরসহ কাজে যোগদানের আবেদন জানান;

৮.০ যেহেতু, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, মতামত ও সকল বিষয় পর্যালোচনায় দেখা যায়, জনাব মোঃ শহীদুজ্জামান ছুটির মেয়াদ শেষ হওয়ার তারিখ অর্থাৎ ১৭/০১/২০২১ তারিখের পর হতে এখন পর্যন্ত ছুটি অনুমোদনবিহীনভাবে দেশের বাহিরে অবস্থান করছেন। ই-মেইলে প্রদত্ত বক্তব্যেও তিনি স্বীকার করেছেন যে, ১৭/০১/২০২১ তারিখের পর ছুটির মেয়াদ কিংবা দেশের বাহিরে অবস্থানের কোন সরকারি অনুমোদন তার নাই। বেবিচ কর্তৃপক্ষের প্রবিধানমালা, ২০২১ এর ৪৯(খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন'-এর অভিযোগের সত্যতা যথার্থ বলে তদন্তকারী কর্মকর্তা মতামত ব্যক্ত করেন। প্রকৌশলী হিসেবে বেবিচকের ন্যায় একটি গুরুত্বপূর্ণ সংস্থায় কর্মরত থেকে দীর্ঘদিন অনুপস্থিত থাকা উন্নয়ন কর্মকান্ডসহ সকল কাজের জন্য একটি বড় অন্তরায় এবং তার পূর্বাপর আচরণে স্পষ্টভাবে প্রমাণিত হয় যে, ছুটি নিয়ে এভাবে অবস্থান অভ্যাসগত ও দায়িত্বহীনতার পরিচায়ক এবং গুরুত্বপূর্ণ একটি পদে থেকে এভাবে অনুপস্থিত থাকা প্রতিষ্ঠানের সামগ্রিক কর্মকান্ড বা লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার পরিচয় এবং শৃঙ্খলা পরিপন্থী একটি কাজ। দায়িত্বশীল পদে থেকে দীর্ঘদিন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত এবং কর্মে যোগদানের কোনরূপ স্পষ্টতা নেই; এবং

পাতা-০২ দ্রষ্টব্য

৯.০ যেহেতু, জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্ত) এর বিরুদ্ধে বিভাগীয় মামলার আনিত অভিযোগনামা, অভিযোগ বিবরণী, প্রথম ও দ্বিতীয় কারণ দর্শানোর প্রেক্ষিতে দাখিলকৃত জবাব, অভিযুক্ত কর্মকর্তার পূর্বাপর আচরণ, তদন্তকারী কর্মকর্তার বিস্তারিত তদন্ত প্রতিবেদন ও মতামত, বিদ্যমান বিধি-বিধান এবং সকল পক্ষের উপস্থাপিত তথ্যাদি পর্যালোচনায় স্বভাবগত ও অননুমোদিতভাবে বিদেশ অবস্থানের মাধ্যমে তার অসদাচরণ ও পলায়নের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়। সামগ্রিক পর্যালোচনায় অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রবিধানমালা, ২০২১ এর ৪৯(খ) ও (গ) প্রবিধি অনুযায়ী তাকে অসদাচরণ ও পলায়নের দায়ে দোষী সাব্যস্ত করা হলো এবং প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(উ) প্রবিধি অনুযায়ী 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরু দন্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্তের পরিবর্তে প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(অ) প্রবিধি অনুযায়ী নিম্নপদে অবনমিতকরণের গুরু দন্ড প্রদানপূর্বক বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়;

১০.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১-এর ৫০(১)(খ)(অ) প্রবিধি অনুযায়ী জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (সিভিল) (সাময়িক বরখাস্ত) কে সহকারী প্রকৌশলী (সিভিল) হিসেবে নিম্নপদে তথা ৯ম গ্রেডের প্রারম্ভিক ধাপে স্থায়ীভাবে অবনমিতকরণ গুরু দন্ড আরোপ করা হলো এবং আদেশের তারিখ পর্যন্ত অননুমোদিত ছুটিকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করে বিভাগীয় মামলা নং-১৪/২০২১ এর অভিযোগনামায় আনীত অভিযোগ এতদ্বারা নিষ্পত্তি করা হলো। একই সঙ্গে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করা হলো।

১১.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৮.২.২২

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান)
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন: ৮৯০১৪০০

অনুলিপি (কার্যার্থে):

১। সদস্য (অর্থ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (অফিস আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইলে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৩। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪। জনাব মোঃ শহীদুজ্জামান, নির্বাহী প্রকৌশলী (সিভিল), প্রকৌশল বিভাগ, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
বর্তমান ঠিকানা: বাসা নং-৪১, রোড নং-০৩, সেক্টর নং-০৩, উত্তরা, ঢাকা।
স্থায়ী ঠিকানা: শহীদ বাচ্চু সরণী, হরিকুমারিয়া, ডাকঘর, থানা ও জেলা-মাদারীপুর।
বহিঃ বাংলাদেশ ঠিকানা: 86-73 107st, Jamaica Avenue, NY-11418, USA.

অনুলিপি: (বাহির)

১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মফিদুর রহমান)
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ